গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পবা, রাজশাহী
www.paba.rajshahi.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং: ০৫.৪৩.৮১৭২.০০০.০৬.০০৩.২৩-৬৬৪

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩০ / ১৩ আগস্ট ২০২৩

## অফিস আদেশ

জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) রাজশাহীর স্মারক নং ০৫.৪৩.৮১০০.০১৬.০৮.০৩৩.২০.২৫১, তারিখ: ২৩ জুলাই ২০২৩ মোতাবেক ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা অনুযায়ী পবা উপজেলায় "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ কমিটি" নিম্নরূপভাবে গঠন করা হলো।

### উপজেলা ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ কমিটি:

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, পবা, রাজশাহী | - সভাপতি |
| ২. | অফিসার ইনচার্জ (সকল), আরএমপি, রাজশাহী | - সদস্য |
| ৩. | মেয়র, নওহাটা/কাটাখালী পৌরসভা, পবা, রাজশাহী | - সদস্য |
| ৪. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার , পবা, রাজশাহী | - সদস্য |
| ৫. | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, পবা, রাজশাহী | - সদস্য |
| ৬. | উপজেলা কৃষি অফিসার, পবা, রাজশাহী | - সদস্য |
| ৭. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পবা, রাজশাহী | - সদস্য |
| ৮. | উপজেলা প্রকৌশলী, পবা, রাজশাহী | - সদস্য |
| ৯. | চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, পবা, রাজশাহী | - সদস্য |
| ১০. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পবা, রাজশাহী | - সদস্য |
| ১১. | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, পবা, রাজশাহী | - সদস্য |
| ১২. | উপজেলা শিক্ষা অফিসার, পবা, রাজশাহী | - সদস্য |
| ১৩. | উপজেলা যুব উন্নয়ন অফিসার, পবা, রাজশাহী | - সদস্য |
| ১৪. | উপজেলা সমাজসেবা অফিসার, পবা, রাজশাহী | - সদস্য |
| ১৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পবা, রাজশাহী | - সদস্য |
| ১৬. | উপজেলা সমবায় অফিসার, পবা, রাজশাহী | - সদস্য |
| ১৭. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, পবা, রাজশাহী | - সদস্য |
| ১৮. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, পবা, রাজশাহী | - সদস্য |
| ১৯. | উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য), পবা, রাজশাহী | - সদস্য |
| ২০. | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, পবা, রাজশাহী | - সদস্য |
| ২১. | উপজেলা পরিসংখ্যান অফিসার, পবা, রাজশাহী | - সদস্য |
| ২২. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পবা, রাজশাহী | - সদস্য |
| ২৩. | উপজেলা সাব রেজিষ্টার, পবা, রাজশাহী | - সদস্য |
| ২৪. | সভাপতি, প্রেসক্লাব, পবা, রাজশাহী | - সদস্য |
| ২৫. | সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, পবা, রাজশাহী | - সদস্য |
| ২৬. | সহকারি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-১, পবা, রাজশাহী | - সদস্য |
| ২৭. | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, পবা, রাজশাহী | - সদস্য |
| ২৮. | ইমাম, উপজেলা কমপ্লেক্স মসজিদ, পবা, রাজশাহী | - সদস্য |
| ২৯. | বীরমুক্তিযোদ্ধা মো: কামরুজ্জামান, সাবেক উপজেলা কমান্ডার, পবা, রাজশাহী | - সদস্য |
| ৩০. | অধ্যক্ষ, নওহাটা সরকারি ডিগ্রী কলেজ, পবা, রাজশাহী | - সদস্য |
| ৩১. | প্রধান শিক্ষক, নওহাটা সরকারি উচ্চ বিদ্যালয়, পবা, রাজশাহী | - সদস্য |
| ৩২. | প্রতিনিধি, স্বেচ্ছাসেবী সংগঠন, পবা, রাজশাহী | - সদস্য |
| ৩৩. | উপজেলা এনজিও প্রতিনিধি, ব্র্যাক, পবা, রাজশাহী | - সদস্য |
| ৩৪. | সভাপতি বায়া বাজার বণিক সমিতি, পবা, রাজশাহী | - সদস্য |
| ৩৫. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, পবা, রাজশাহী | - সদস্য সচিব |

২. **উপজেলা কমিটির কার্যপরিধি:**

২.১ প্রত্যেক উপজেলায় মাসের ১ম কর্মদিবসে সকল সরকারি-বেসরকারি দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান, শিক্ষাপ্রতিষ্ঠান, এনজিও, ব্যবসা প্রতিষ্ঠান স্ব-স্ব প্রতিষ্ঠানে অফিস প্রধানের নেতৃত্বে আনুষ্ঠানিকভাবে মশকের প্রজননস্থল বিনষ্টে 'পরিচ্ছন্নতা কার্যক্রম' পরিচালনা করবে। এছাড়া নিয়মিতভাবে মশকের প্রজননস্থল বিনষ্টে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখবে;

২.২ উপজেলা পরিষদ সংযুক্তি-১ এর নমুনা ছক অনুযায়ী ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ কার্যক্রমে উপজেলা পর্যায়ের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবে;

২.৩ জাতীয় কমিটির নির্দেশনা ও কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে উপজেলা পর্যায়ে সপ্তাহ/পক্ষকালব্যাপী 'পরিচ্ছন্নতা ও মশক নিধন কার্যক্রম'পরিচালনা করা। উপজেলা পর্যায়ের সকল সরকারি-বেসরকারি দপ্তর/সংস্থা, শিক্ষাপ্রতিষ্ঠান, এনজিও, ব্যবসা প্রতিষ্ঠান, পেশাজীবী সংগঠন, সামাজিক সংগঠন, যুব সংগঠন, শ্রমিক সংগঠন ও সর্বস্তরের জনগণকে এ কার্যক্রমে সম্পৃক্ত করা;

২.৪ উপজেলা পরিষদের মাসিক সভায় মশক নিয়ন্ত্রণের বিষয়টি এজেন্ডাভুক্ত করে মশক নিয়ন্ত্রণ কার্যক্রম গ্রহণ, নিয়মিত মনিটরিং এবং আওতাধীন ইউনিয়নসমূহের মশক নিধন কার্যক্রম মনিটরিং ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

২.৫ মশক নিধন ও পরিচ্ছন্নতা কাজের ব্যয় নির্বাহের জন্য প্রয়োজন অনুযায়ী বাজেটে বরাদ্দ নিশ্চিত করা;

২.৬ নাগরিকদের পরিচ্ছন্নতা চর্চার ওপর জনসচেতনতা সৃষ্টির জন্য মসজিদের ইমাম, মন্দিরের পুরোহিত ও অন্যান্য ধর্মের নেতাদের সম্পৃক্ত করা এবং তাদের মাধ্যমে ধর্মীয় বিধানের আলোকে নাগরিকদের সচেতন করা;

২.৭ উপজেলার আওতাধীন ইউনিয়নসমূহকে মশক নিধন কার্যক্রমে উদ্বুদ্ধ করতে বিভিন্ন ইউনিয়নকে মশক নিধনে সফলতার জন্য স্বীকৃতি/পুরস্কার প্রদান;

২.৮ সকল সরকারি দপ্তর/সংস্থা/শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষকদের জন্য পরিচ্ছন্নতা বজায় রাখা এবং মশকের বংশবিস্তার রোধে যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক/অবহিতকরণ সভা/সেমিনার/প্রশিক্ষণ ইত্যাদি আয়োজন;

২.৯ উপজেলার সকল কৃষি জমিতে স্থির পানিতে দেশি প্রজাতির মাছ (পুটি, টাকি, শোল, তেলাপিয়া, কৈ ইত্যাদি) চাষের জন্য কৃষি/মৎস্য বিভাগের মাধ্যমে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান। এর ফলে জমির স্থির পানিতে মশকের লার্ভা জন্মাতে পারবেনা;

২.১০ উপজেলার অধিক্ষেত্রে অবস্থিত পৌরসভা ও অন্যান্য সরকারি-বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে মশক নিধন ও পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করতে হবে;

২.১১ মশার লার্ভার উৎসস্থল বিনষ্টে আইনি পদক্ষেপ হিসাবে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা।

২৬.০৮.২০২৩

(লসমী চাকমা)
উপজেলা নির্বাহী অফিসার
পবা, রাজশাহী
ও
সভাপতি
ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ কমিটি
ফোন ০২৫৮৮-৮৭৯১৮৯ (অফিস)

অনুলিপি সদয় অবগতির জন্য: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। মাননীয় সংসদ সদস্য, ৫৪ রাজশাহী-০৩, (পবা-মহানপুর), রাজশাহী
২। জেলা প্রশাসক, রাজশাহী
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পবা, রাজশাহী
৪। মেয়র, নওহাটা/কাটাখালী পৌরসভা, পবা, রাজশাহী
৫। সহকারী প্রোগ্রামার, পবা, রাজশাহী [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
৬। ............................................................................... পবা, রাজশাহী